সাংবাদিক পরিচয়ে ৪৮ লাখ টাকার ইয়াবাসহ আটক



ছবি: সংগৃহীত

কক্সবাজারের টেকনাফ উপজেলার হোয়াইক্যং তল্লাশি চৌকিতে অভিযান চালিয়ে ১৬ হাজার পিস ইয়াবাসহ এক ব্যক্তিকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধার হওয়া ইয়াবার বাজারমূল্য প্রায় ৪৮ লাখ টাকা বলে জানিয়েছে বিজিবি।

সোমবার (২৫ মে) বিকেলে পরিচালিত এ অভিযানে মাদক পরিবহনে ব্যবহৃত একটি মাইক্রোবাস, দুটি ভুয়া সাংবাদিক পরিচয়পত্র ও একটি আইফোন জব্দ করা হয়। আটক মোহাম্মদ আনোয়ার (৫৬) টেকনাফ উপজেলার হ্নীলা ইউনিয়নের সিকদারপাড়া এলাকার বাসিন্দা।

বিজিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে হ্নীলা থেকে কক্সবাজারগামী একটি মাইক্রোবাসে তল্লাশি চালানো হয়। চেকপোস্টে গাড়িটি থামানোর সংকেত দিলে চালক নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে তল্লাশি এড়ানোর চেষ্টা করেন। একপর্যায়ে দ্রুত গাড়ি চালিয়ে পালানোর চেষ্টা করলে বিজিবি সদস্যরা ধাওয়া দিয়ে সেটি আটক করেন।

পরে বিজিবির প্রশিক্ষিত মাদক শনাক্তকারী কুকুর ‘হেনরী’র সহায়তায় গাড়িটিতে তল্লাশি চালানো হয়। এসময় মাইক্রোবাসের পেছনের আসনের কভারের ভেতরে বিশেষ কৌশলে লুকিয়ে রাখা ১৬ হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়। পাশাপাশি সাংবাদিক পরিচয়ে ব্যবহৃত দুটি ভুয়া পরিচয়পত্রও জব্দ করা হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটক ব্যক্তি জানিয়েছেন, হ্নীলা এলাকা থেকে ইয়াবার চালান সংগ্রহ করে কক্সবাজারে নেওয়া হচ্ছিল বিক্রির উদ্দেশ্যে। বিজিবি জানিয়েছে, সীমান্ত এলাকায় মাদক ও চোরাচালান ঠেকাতে নজরদারি আরও জোরদার করা হয়েছে এবং এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।